**CODE : 35T ADBE**

MAHESH CHANDRA DEV GOSWAMI LIBRARY
Date.............
Nowgong Girls' College

# 2025

# ADVANCE BENGALI

**Full Marks : 100**

**Pass Marks : 30**

**Time : Three hours**

***The figures in the margin indicate full marks for the questions.***

*Q. No.* ***1*** *carries* ***1*** *mark each*.............. 1× 12 = 12

*Q. No.* ***2*** *carries* ***2*** *marks each*............ 2 × 12= 24

*Q. No.* ***3*** *carries* ***4*** *marks each*............ 4 × 6 = 24

*Q. No.* ***4*** *carries* ***4*** *marks each*............ 4 × 4 = 16

*Q. No.* ***5*** *carries* ***6*** *marks each*............ 6 × 4 = 24

Total = 100

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ *(যে-কোনো বারোটি)* ১×১২=১২

(ক) "মেদনী বিদার দেউ পসিআঁ লুকাওঁ"

— মেদনী শব্দের অর্থ লেখো।

(খ) 'যদি হৃদপিণ্ড শুধু ডম্বরু বাজায়'

— ডম্বরু কী?

(গ) দেখ দ্বিজ মনসিজ জিনিয়া মূরতি।

পদ্মপত্র যুগ্মনেত্র পরশয়ে শ্রুতি।।

— মনসিজ শব্দের অর্থ লেখো।

(ঘ) কপোতাক্ষ নদের জলে কবির কিসের তৃষ্ণা মেটে?

(ঙ) মোর মন পোড়ে যেহ ________ পণী

— শূন্যস্থান পূর্ণ করো।

(চ) বঙ্কিমচন্দ্রের মতে কোন্ প্রকার পীড়নে নিষ্কৃতি নেই?

(ছ) 'পনেরো আনা' প্রবন্ধটি কোন্ গ্রন্থের অন্তর্গত?

(জ) 'পৃথিবীর শিল্পী মাত্রেই এই শিল্পের খেলা খেলে থাকেন'

— কোন্ শিল্পের খেলা?

(ঝ) আগন্তুক কী খুলে দিতে বলল?

(ঞ) 'এ উভয়ের ভিতর দা-কুমড়ার সম্বন্ধ ব্যতীত অপর কোন সম্পর্ক নেই।'

— কাদের সম্পর্কের কথা বলা হয়েছে?

(ট) গণ্ডদেশ শব্দের অর্থ কী?

(ঠ) "তিনি দলিতা ভুজঙ্গিনীর মত স্বামীর মুখের পানে একটিবার চাহিয়াই চোখ ফিরাইয়া লইয়া কহিলেন, আর এখানে তুই আসিস্ নে যা।"

— দলিতা ভুজঙ্গিনীর স্বামীর নাম কী?

(ড) কে কেষ্টকে বিগড়ে দেবে বলে কাদম্বিনী আশঙ্কা প্রকাশ করেছিলেন?

(ঢ) "এই পনেরো-যোল বৎসরের ঘর-কন্নায় স্বামীর এতবড় ভ্রাতৃভক্তি সে ইতিপূর্বে দেখে নাই।"

— কার প্রতি ভ্রাতৃভক্তির কথা বলা হয়েছে?



(ণ) "পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি।"

— কোন্ অলঙ্কার?

(ত) "এনেছিলে সাথে করে মৃত্যুহীন প্রাণ

মরণে তাহাই তুমি করে গেলে দান।"

— কোন্ ছন্দ?

২। *যে-কোনো বারোটি* প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ২×১২=২৪

(ক) আকুল করিতেঁ কিবা আহ্মার মন।

বাজাএ সুসর বাঁশী নান্দের নন্দন।।

— এখানে আহ্মার বলতে কী বুঝানো হয়েছে? 'নান্দের নন্দন' কে?

(খ) সিংহগ্রীব বন্ধুজীব অধর রাতুল।

খগরাজ পায় লাজ নাসিকা অতুল।।

— এখানে কার দেহ সৌন্দর্যের কথা বলা হয়েছে? রাতুল শব্দের অর্থ কী?

(গ) "ভুলেছে ভীষণ ভার ভুলে গেছে প্রত্যহের ভার।"

— কবি কে? প্রত্যহের ভার বলতে কী বুঝাতে চেয়েছেন?

(ঘ) 'লোকের বিশ্বাস আছে' — লোকের কী বিশ্বাস আছে বলে প্রাবন্ধিক মনে করেন?

(ঙ) লেখক ও সাধারণ মানুষের মধ্যে পার্থক্য কী?

(চ) "এই যে জীবিতে জীবিতে লড়াই ইহা সমকক্ষের লড়াই, কিন্তু মৃতের সঙ্গে জীবিতের লড়াই বড়ো কঠিন।"

— জীবিতের সঙ্গে মৃতের লড়াই কীরকম কঠিন?

(ছ) "একে ধরবার জন্য চারিদিকে ফটো পাঠিয়ে হুলিয়া বার করা হয়েছে।"

— বক্তা কে? হুলিয়া শব্দের অর্থ কী?

(জ) "যে ভালবাসে সেই অত্যাচার করে। ভালবাসিলেই অত্যাচার করার অধিকার প্রাপ্ত হওয়া যায়।"

— যথার্থ বিশ্লেষণ করো।

(ঝ) "আমার ভাই হামচু রয়েছে। সৈন্যরা তাকেই রাজা করবে, যুদ্ধ যেমন চলছিল তেমনি চলবে।"

— বক্তা কে? কোন্ যুদ্ধের কথা এখানে বলা হয়েছে?

*অথবা*

"আগুন যদি লাগাতে হয় তো নিজের ঘরের চালটা সামলে লাগাতে হবে।"

— কে কাকে উদ্দেশ্য করে বলেছে? প্রসঙ্গ উল্লেখ করো।

(ঞ) "অস্ত্রপরীক্ষা না চালিয়ে যদি বুদ্ধি পরীক্ষা চালাও সেটা যে দুষ্টুবুদ্ধি।"

— এখানে বক্তা কে? উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

*অথবা*

"ক্ষেত্র থেকে যুদ্ধ করে মজুররা দূরে থেকে যে যুদ্ধ করতে পারে সেই যোদ্ধা।"

— কার উক্তি? উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

(ট) "আড়াল হইতে জবাব আসিল আমি"

— আমি কে? বিষয়টি বিস্তারিত করো।

*অথবা*

'আমার দুটি সন্তান ছিল, কাল থেকে তিনটি হয়েছে।"

— কার উক্তি? কোন্ প্রসঙ্গে কথাটি বলা হয়েছে?

(ঠ) অক্ষরবৃত্ত ছন্দের অন্য নাম উল্লেখ করে একটি উদাহরণ দাও।

*অথবা*

অলঙ্কার কাকে বলে? অলঙ্কার কয় প্রকার ও কী কী?

৩। নীচের প্রশ্নগুলোর উত্তর দাও ঃ 4×৬=২৪

(ক) 'প্রত্যহের ভার' কবিতাটির মূলভাব সংক্ষেপে লেখো।

*অথবা*

"....কে হায় হৃদয় খুঁড়ে বেদনা
জাগাতে ভালবাসে।"

— উক্তিটির কবি কে? কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত? কবিতার মর্মার্থ বিশ্লেষণ করো।

(খ) ব্যাখ্যা করো ঃ

পরোয়া করি না বাঁচি না বাঁচি যুগের হুজুগ কেটে গেলে,
মাথার ওপরে জ্বলিছেন রবি, রয়েছে সোনার শত ছেলে।



*অথবা*

'বহু দেশে দেখিয়াছি বহুপদ-দলে,
কিন্তু এ স্নেহের তৃষ্ণা মিটে কার জলে?

(গ) 'তাই বলে কি রইব পড়ে বিষুবরেখার অন্তরে,
রুদ্র নিদাঘ জ্বালায় যেথা তপের আগুন মন্তরে?
ব্যর্থ হবে মেরুর সে গান ব্যর্থ হবে জয়গাথা,
মৃত্যু যেথা হাজার রূপে জমাট জলে অন্তরে!

— অন্তর্নিহিত তাৎপর্য লিপিবদ্ধ করো।

*অথবা*

বিপ্রবেশে অর্জুনকে দেখে সভার মধ্যে ক্ষত্রিয়রা যেভাবে উপহাস করেছিলেন তার বিবরণ দাও।

(ঘ) "কিন্তু তাঁর কাছে প্রাণাপেক্ষা যশ প্রিয়,
অতএব আপনার ইষ্টই খুঁজিয়াছিলেন।"

— কার কথা বলা হয়েছে? তিনি কিভাবে যশরক্ষায় ব্রতী হয়েছিলেন বিশদে লেখো।

*অথবা*

প্রেম এবং ধর্মের গতি সমরূপ কখন হয় নিজের ভাষায় বর্ণনা করো।

(ঙ) "সূর্যকিরণের বেশিরভাগ শূন্যে বিকীর্ণ হয়, গাছের মুকুল অতি অল্পই ফল পর্যন্ত টিকে।"

— বক্তব্য পরিস্ফুট করো।

*অথবা*

রবীন্দ্রনাথ পনেরো আনা কাদের বলেছেন? সংসারে এদের সার্থকতার বিষয়ে রবীন্দ্রনাথের অভিমত ব্যাখ্যা করো।

(চ) "অনেকের পক্ষে নিজের আয়ত্বের বহির্ভূত উচ্চস্থানে ওঠবার চেষ্টাই মহাপতনের কারণ হয়।" — লেখক কে? বক্তব্য বিষয় বুঝিয়ে দাও।

*অথবা*

'সাহিত্যে খেলা' প্রবন্ধটির মধ্য দিয়ে লেখক প্রমথ চৌধুরী সাহিত্য সম্বন্ধে যে ধারণাটি তুলে ধরেছেন তা ব্যাখ্যা করো।

৪। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও ঃ 8×8=১৬

(ক) "তুমি আমাদের অস্ত্রগুরু। তোমার মুখে এ উপদেশ সাজে না।"

— বক্তা কে? প্রসঙ্গ উল্লেখ করে আলোচনা করো।

*অথবা*

কর্ণফুলির নদীতটে জ্যোৎস্নার ক্ষীণালোকে মৃত্যুন্মুখ যুবরাজ স্বর্গতোক্তিতে কী বলেছেন? তাঁর মৃত্যুদৃশ্য বর্ণনা করো।

(খ) "তবে তো সর্বনাশ হবে।"

— কোন্ সর্বনাশের কথা বলা হয়েছে বিশদভাবে লেখো।

*অথবা*

টীকা লেখো ঃ

গোমতী নদী *অথবা* কর্ণফুলি নদী,

প্রতাপ *অথবা* রাজধর

(গ) "যিনি রাতদিন কচ্ছেন, তিনিই এর বিহিত করবেন"

— এটা কার উক্তি? কোন্ প্রসঙ্গে বলা হয়েছে সংক্ষেপে লেখো।

*অথবা*

'এ হাতির খোরাক নিত্য যোগাতে গেলে যে আমাদের আড়ত খালি হয়ে যাবে'

— বক্তা কে? বিষয়টি আলোচনা প্রসঙ্গে বক্তার মানসিকতা বুঝিয়ে দাও।

(ঘ) "কিন্তু তৎক্ষণাৎ ফিরিয়া আসিয়া বলিল, আমাদের গাঁয়ের বিশালাক্ষী ঠাকুর বড় জাগ্রত মেজদি, পূজো দিলে অসুখ সেরে যায়।"

— তৎক্ষণাৎ শব্দের অর্থ কী? বিশালাক্ষী ঠাকুর কার গাঁয়ে আছেন? উক্তিটির পরিস্থিতি ব্যাখ্যা করো।

*অথবা*

"তাহার তখনকার ক্ষুধার তাড়নায় বোধকরি বাঘের মুখ হইতেও খাবার কাড়িয়া আনিতে পারিত, কিন্তু দিদিকে ডাকিয়া তুলিবে এ সাহস হইল না।"

— এখানে কার কথা বলা হয়েছে? দিদি কে? প্রসঙ্গ উল্লেখ করে বর্ণনা করো।



৫। 'ক' এবং 'খ' বিভাগ থেকে নীচের প্রশ্নগুলোর উত্তর লেখো ঃ ৬×৪=২৪

'ক' বিভাগ

(ক) "ঠান্ডা হও ভাই ঠান্ডা হও। তোমার বুদ্ধি তোমারই থাক্, তার প্রতি আমার কোন লোভ নেই।"

— কে কাকে কোন্ প্রসঙ্গে কেন বলেছিলেন আলোচনা করো।

*অথবা*

"এর মধ্যে একটা রহস্য আছে" — মুকুট নাটকের প্রাসঙ্গিক ঘটনাবলীর বিবরণ দিয়ে এই রহস্যটি কী তা বুঝিয়ে দাও।

(খ) 'মেজদিদি' উপন্যাসটি মাতৃহারা বালকের করুণ কাহিনী

— সংক্ষেপে আলোচনা করো।

*অথবা*

"কাদম্বিনী অবাক হইয়া বলিলেন, আমার পাঁচুগোপালের সঙ্গে ওর তুলনা।"

— কাদম্বিনী কে? তিনি কোন্ কথায় অবাক হয়েছিলেন? পাঁচুগোপালের সঙ্গে কাদম্বিনীর কী সম্পর্ক? পাঁচুগোপালের সঙ্গে কার তুলনা করা হয়েছে? তার স্বভাবের বর্ণনা দাও।

'খ' বিভাগ

(ক) বাংলা ছন্দ কয় প্রকার ও কী কী? *যে-কোনো একটি* ছন্দের উদাহরণসহ *চারটি* বৈশিষ্ট্য লেখো।

*অথবা*

ছন্দোলিপি প্রস্তুত করো ঃ

হে মোর দুর্ভাগা দেশ যাদের করেছ অপমান

অপমানে হতে হবে তাহাদের সবার সমান।

*অথবা*

সহসা বাতাস ফেলি গেল শ্বাস শাখা দুলাইয়া গাছে

দুটি পাকা ফল লভিল ভূতল আমার কোলের কাছে।

(খ) *যে-কোনো দুটি* অলংকারের সংজ্ঞা ও একটি করে উদাহরণ দাও ঃ

ব্যাজস্তুতি, উৎপ্রেক্ষা, বিষম, বক্রোক্তি

———×———